# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**সেকেন্ড স্মল এন্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)**


এসএমইডিপি-২ সার্কুলার লেটার নং - ১

২৫ আষাঢ় ১৪৩২
৯ জুলাই ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**এসএমইডিপি-২ প্রকল্পের আওতায় গঠিত আবর্তনশীল তহবিল হতে পুনঃঅর্থায়নে এসএমইএসপিডি কর্তৃক ১৭ মার্চ ২০২৫ তারিখে প্রণীত মাস্টার সার্কুলার এর নির্দেশাবলি পরিপালন প্রসঙ্গে।**

এসএমইডিপি-২ প্রকল্পের ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের এসএমইডিপি-২ সার্কুলার নং-১ এবং এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর ১৭ মার্চ ২০২৫ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট (এসএমইএসপিডি) এর ১৭ মার্চ ২০২৫ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর ২.১ অনুচ্ছেদে 'অপ্রাতিষ্ঠানিক/ প্রান্তিক উদ্যোগ' নামীয় একটি নতুন শিল্প উদ্যোগের ধরন সংজ্ঞায়িত হয়েছে এবং 'মাঝারি' উদ্যোগে 'ট্রেডিং/ব্যবসা' নামক নতুন উপখাত অন্তর্ভুক্ত করা হয়েছে যা এসএমইডিপি-২ প্রকল্পের আবর্তনশীল তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন দাবীর ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রসঙ্গত উক্ত মাস্টার সার্কুলার এ বর্ণিত নির্দেশাবলি ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের এসএমইডিপি-২ সার্কুলার নং-১ এর মাধ্যমে এসএমইডিপি-২ প্রকল্পের আওতায় গঠিত আবর্তনশীল তহবিল হতে পুনঃঅর্থায়নের ক্ষেত্রে পরিপালনীয় হবে।

৩। এসএমইডিপি-২ প্রকল্পের আবর্তনশীল তহবিল হতে পুনঃঅর্থায়ন দাবীর আবেদনের ক্ষেত্রে অনলাইন Erefin সিস্টেমে উপরোক্ত অন্তর্ভুক্তিসমূহ যথাযথভাবে রিপোর্ট করতে হবে। এছাড়া, 'সংশ্লিষ্ট গ্রাহক প্রতিষ্ঠান কর্তৃক এসএমইডিপি-২ প্রকল্পের আবর্তনশীল তহবিল ব্যতীত অন্য কোন তহবিল হতে অথবা অন্য কোন পিএফআই এর মাধ্যমে এসএমইডিপি-২ প্রকল্পের আবর্তনশীল তহবিল হতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করা হয়নি' মর্মে পুনঃঅর্থায়ন দাবীর আবেদনের সাথে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৪। এতদ্ব্যতীত, ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের এসএমইডিপি-২ সার্কুলার নং-১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুনিরা ইসলাম)
পরিচালক (এসএমইডিপি-২)
ফোন ঃ +৮৮-০২-৪৭১১৩৩২২